প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা, ২৭ জুলাই,২০২৩ ঃ শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন কারিগরি শিক্ষাকে আরো কর্ম উপযোগী করতে বৃত্তিমূলক কাজে নিয়োজিত পেশাদার ব্যক্তিদের দিয়ে শ্রেণীকক্ষে শেখানোর ব্যবস্থা করা হবে। এর ফলে শিক্ষার্থীদের শিখন ফলপ্রসূ ও কার্যকর হবে। তিনি বলেন মাদ্রাসা শিক্ষার্থীদের বিজ্ঞান ও সংস্কৃতি চর্চায় উদ্বুদ্ধ করে তাদের সৃজনশীল করে তুলতে হবে।

মন্ত্রী আজ সচিবালয়ে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সম্মেলন কক্ষে ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও শুদ্ধাচার পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির কক্তব্যে একথা বলেন।

এসময়ে ডা. দীপু মনি বলেন সারাদেশে কারিগরি শিক্ষার সুযোগ সম্প্রসারণ করা হয়েছে। দেশের জনগণকে কর্মমুখী করতে বিভিন্ন মেয়াদে দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী বলেন কারিগরি ও মাদ্রাসা শিক্ষাকে আরো জনপ্রিয় করতে এ বিভাগের সকল পর্যায়ের কর্মকর্তাকে ইতিবাচক ও জনবান্ধব মনোভাব নিয়ে কাজ করার আহ্বান জানান।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিভাগের সিনিয়র সচিব মোঃ কামাল হোসেন।

এবছর কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন দপ্তর সংস্থা পর্যায়ে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মোঃ হাবিবুর রহমান শুদ্ধাচার পুরস্কার লাভ করেন। এ ছাড়াও ২য় হতে ৯ম গ্রেডের কর্মকর্তাদের মধ্যে সাজ্জাদ হোসেন এবং ১০ম হতে ২০তম গ্রেডে যৌথভাবে মোঃ ইমতিয়াজ আহমেদ এবং রুমা আক্তার শুদ্ধাচার পুরস্কার গ্রহণ করেন।

স্বা/-
মোহাম্মদ জাহিদ হোসেন খান
তথ্য কর্মকর্তা
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়।